# র‍্যাগিং-মুক্ত কলেজ ক্যাম্পাস

## নিম্নলিখিত বিষয়গুলিকে র‍্যাগিং বলা হবে :

ক) কোন নবাগত ছাত্র বা অন্য কোন ছাত্রকে কোন অন্য ছাত্র বা ছাত্রদের বলা কথা বা লিখিত বক্তব্য বা তার প্রতি কোন বিদ্রুপাত্মক কাজ বা রূঢ় আচরণকে র‍্যাগিং বলা হবে।

খ) কোন নবাগত বা অন্য যে কোন ছাত্রের পক্ষ থেকে করা অভিযোগ - যে অন্য কোন ছাত্র তার প্রতি রূঢ় বা বিশৃঙ্খল আচরণ করেছে, যা ওই ছাত্রের বিরক্তি, মনোকষ্ট অথবা শারীরিক বা মানসিক ক্ষতি করেছে বা তার মধ্যে আতঙ্ক গড়ে তুলেছে।

গ) নবাগত বা অন্য কোনো ছাত্রকে এমন কিছু কাজ করতে বলা যেগুলি সাধারণভাবে সে কোনদিন করেনি বা যা করতে সে লজ্জা বোধ করবে, বিব্রত হবে বা পীড়া বোধ করবে। এমন কোনও কাজ করতে বলা যাবে না যাতে নবাগত বা অন্য কোনও ছাত্রের শরীরে এবং মনে কোনও বিরূপ প্রতিক্রিয়া তৈরি হয়।

ঘ) কোন উঁচু ক্লাশের ছাত্রদের নবাগত বা অন্য কোন ছাত্রের প্রতি করা কাজ যা থেকে ঐ নবাগতের সাধারণ পঠনপাঠনে ছেদ, বিরক্তি বা সমস্যা তৈরি করে।

ঙ) কোন একটি উঁচু ক্লাশের ছাত্র বা একদল ছাত্রের পড়াশোনা বিষয়ক কোন কাজ কোন নবাগত ছাত্রকে বা অন্য কোন ছাত্রকে দিয়ে করিয়ে নেওয়া।

চ) কোন নবাগত বা অন্য কোন ছাত্রকে উঁচু ক্লাশের ছাত্রদের জন্য খরচ করতে বাধ্য করা বা জোর করে অর্থ ছিনিয়ে নেওয়া।

ছ) যেকোন প্রকারের শারীরিক অত্যাচার বা এইধরনের সমস্ত শারীরিক নিপীড়ন সহ যৌন নিপীড়ন, সমকামী নিপীড়ন, বিবস্ত্র করা, অশ্লীল এবং কুরুচিপূর্ণ কাজ করা, শারীরিক অঙ্গভঙ্গী, শারীরিকভাবে ক্ষতি করা বা স্বাস্থ্যের অন্য কোন ক্ষতি করা।

জ) লিখিত বক্তব্য, ইমেল বা কোন বক্তব্য পোস্ট করা, জনসমক্ষে হেয় করার জন্য এমন কোন কাজ বা আচরণ যার মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নবাগত ছাত্র বা অন্য কোন ছাত্র বিপর্যস্ত হয়।

ঝ) কোনো ছাত্রের পক্ষ থেকে কোনো নবাগত ছাত্রের প্রতি অধিকার কর্তব্য বা ক্ষমতা প্রদর্শন বা ধর্ষকামের লক্ষে করা কোনো কাজ যা নবাগত বা অন্য কোনো ছাত্রের মানসিক স্বাস্থ্য বা আত্মবিশ্বাসে আঘাত করে।

ঝাড়গ্রাম রাজ কলেজের র‍্যাগিং-বিরোধী সাব-কমিটির দ্বারা জনস্বার্থে প্রচারিত।

(২০১৯-২০ শিক্ষাবর্ষ)

# ছাত্রছাত্রীরা কীভাবে সাহায্য পেতে পারে :

- নিজেকে কখনোই একা বা অসহায় ভাববে না। কলেজ প্রশাসন সবসময় তোমার সঙ্গে আছে।
- র‍্যাগিং-এর কোন ঘটনা ঘটলে দ্বিধাহীন ভাবে বাড়িতে বাবা, মা বা কোন অভিভাবকের সঙ্গে কথা বলো।
- কলেজের র‍্যাগিং বিরোধী কর্মসূচীর পক্ষ থেকে সকলে সর্বদা তোমাকে সাহায্য করতে প্রস্তুত।

যোগাযোগের জন্য যে কোন সময় নিম্নলিখিত নম্বরে ফোন করো বা ই-মেল করো:

09434508109, 09434196460

ইউজিসি টোলফ্রি নম্বর - 18001805522

ই-মেল – helpline@antiragging.in

ই-মেইল আই.ডি. – jrc.antiragging@gmail.com

- কলেজ প্রশাসন, স্থানীয় প্রশাসন এবং স্থানীয় পুলিশের পক্ষ থেকে সমস্তরকম সাহায্য পাওয়া যাবে।
- যে কেউ র‍্যাগিং-এর বিরুদ্ধে অভিযোগ জানাতে পারে। যাকে র‍্যাগিং করা হয়েছে সে ছাড়াও প্রত্যক্ষদর্শীও অভিযোগ করতে পারেন। র‍্যাগিং-এর ঘটনা দেখলে নির্দিষ্ট নম্বরে অভিযোগ করা সকলের কর্তব্য।
- র‍্যাগিং-এর কোন অভিযোগ জানানোর ক্ষেত্রে কোন দ্বিধা করবে না। অভিযোগকারীর পরিচয় সবক্ষেত্রেই গোপন রাখা হবে, তবে সঠিক পদক্ষেপের স্বার্থে সমস্ত বিষয়টি তথ্য-প্রমাণসহ জানাও।
- অভিযোগ কীভাবে জানাতে হয় সে বিষয়ে আরও বিস্তৃত জানতে হলে র‍্যাগিং বিরোধী পোর্টাল www.antiragging.in -এ লগ ইন করো বা www.amanmovement.org ওয়েবসাইট দেখো।

ঝাড়গ্রাম রাজ কলেজের র‍্যাগিং-বিরোধী সাব-কমিটির দ্বারা জনস্বার্থে প্রচারিত।

(২০১৯-২০ শিক্ষাবর্ষ)

## যদি কেউ র‍্যাগিংয়ে দোষী সাব্যস্ত হয়,

## তাদের নিম্নলিখিত শাস্তিগুলি হতে পারে।

ক) ক্লাসে অংশগ্রহণ করা এবং শিক্ষাবিষয়ক বিশেষ সুবিধাবলী থেকে বহিস্কার করা।

খ) স্কলারশিপ / ফেলোশিপ এবং অন্যান্য সুবিধাবলী স্থগিত করে দেওয়া বা প্রত্যাহার করে নেওয়া।

গ) কোন পরীক্ষা, অভীক্ষা বা অন্যান্য মূল্যায়ন প্রক্রিয়া থেকে বাদ দেওয়া।

ঘ) ফলাফল আটকে দেওয়া।

ঙ) কোন আঞ্চলিক, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতা, টুর্নামেন্ট, যুব উৎসব ইত্যাদিতে অংশগ্রহণ করা থেকে বঞ্চিত করা।

চ) হোস্টেল থেকে বার করে দেওয়া/ কিছুদিনের জন্য অপসৃত করা।

ছ) ভর্তি বাতিল করে দেওয়া।

জ) এক থেকে চারটি সেমেস্টার পর্যন্ত প্রতিষ্ঠান থেকে বের করে দেওয়া।

ঝ) কোন একটি নির্দিষ্ট সময় ধরে ওই প্রতিষ্ঠান থেকে বের করে দেওয়ার সঙ্গে সঙ্গে আর অন্য কোন প্রতিষ্ঠানে যাতে ভর্তি হতে না পারে, তার ব্যবস্থা করা।

ঝাড়গ্রাম রাজ কলেজের র‍্যাগিং-বিরোধী সাব-কমিটির দ্বারা জনস্বার্থে প্রচারিত।

(২০১৯-২০ শিক্ষাবর্ষ)

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নিয়ম অনুযায়ী এবং কলেজ ক্যাম্পাসকে সম্পূর্ণ র‍্যাগিং-মুক্ত করার নীতিতে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ঝাড়গ্রাম রাজ কলেজে র‍্যাগিং-বিরোধী সাব-কমিটিতে শিক্ষক প্রতিনিধি হিসেবে রয়েছেন-

অধ্যাপক শশধর মান্না (আহ্বায়ক)

অধ্যাপক অভিজিত দত্ত

অধ্যাপক স্বাতী চক্রবর্তী

অধ্যাপক সোমা রায়

অধ্যাপক শুক্তি চৌধুরী

অধ্যাপক অভয় দে

অধ্যাপক পৌলোমী চক্রবর্তী

যোগাযোগঃ (টেলিফোন নম্বর) 09434508109, 09434196460

হোস্টেলের জন্য – 09836018895, 09748241471, 09903129710

ইউজিসি টোলফ্রি নম্বর - 18001805522

ই-মেইল আই.ডি. – jrc.antiragging@gmail.com

# র‍্যাগিং সংক্রান্ত অভিযোগ বাক্স :

র‍্যাগিং হয়ে থাকলে, অথবা র‍্যাগিং সংক্রান্ত যেকোনও খবর জানাতে এখানে লিখিত অভিযোগ জমা দাও –

ছাত্রছাত্রীরা এ'ধরনের অভিযোগ জানানোর ক্ষেত্রে নিজের নাম / ক্লাস / রোল নম্বর জানাতে পারো অথবা সেই তথ্য গোপন রাখতে পারো। যদিও পরিচয় গোপন রাখলে, উপযুক্ত পদক্ষেপ নেবার ক্ষেত্রে সমস্যা হয়। অভিযোগকারীর পরিচয় সবক্ষেত্রেই গোপন রাখা হবে। যার সম্পর্কে অভিযোগ – তার পরিচয় যতদূর সম্ভব জানাও। ঘটনা, ঘটনাস্থল, দিন এবং সময় – তথ্যপ্রমাণ সহ (থাকলে) সুনির্দিষ্টভাবে জানাও।

এ'ছাড়াও যোগাযোগ করতে পারো –

09434508109, 09434196460

ইউজিসি টোলফ্রি নম্বর - 18001805522

ই-মেল – helpline@antiragging.in

ই-মেইল আই.ডি. – jrc.antiragging@gmail.com